

🔳 আল-লাইল | Al-Lail | ٱللَّيْل

আয়াতঃ ৯২:১৯

আরবি মূল আয়াত:

وَ مَا لِأَحَدٍ عِندَهُ مِن نِعمَةٍ تُجزى ﴿١٩﴾

🗚 আনুবাদসমূহ:

আর তার প্রতি কারো এমন কোন অনুগ্রহ নেই, যার প্রতিদান দিতে হবে। — আল-বায়ান (সে দান করে) তার প্রতি কারো অনুগ্রহের প্রতিদান হিসেবে নয়, — তাইসিরুল এবং তার প্রতি কারও অনুগ্রহের প্রতিদান হিসাবে নয়, — মুজিবুর রহমান

And not [giving] for anyone who has [done him] a favor to be rewarded - Sahih International

১৯. এবং তার প্রতি কারও এমন কোন অনুগ্রহ নেই যার প্রতিদান দিতে হবে(১),

(১) এখানে সেই মুন্তাকী ব্যক্তির আরো বিস্তারিত বিবরণ দেয়া হয়েছে। সে যে নিজের অর্থ যাদের জন্য ব্যয় করে, আগে থেকেই তার কোন অনুগ্রহ তার ওপর ছিল না, যার প্রতিদান বা পুরস্কার দিচ্ছে অথবা ভবিষ্যতে তাদের থেকে কোন স্বার্থ উদ্ধারের অপেক্ষায় তাদেরকে উপহার-উপঢৌকন ইত্যাদি দিয়ে ব্যয় করছে; বরং সে নিজের মহান ও সর্বশক্তিমান রবের সম্ভুষ্টিলাভের জন্যই এমন-সব লোককে সাহায্য করছে, যারা ইতোপূর্বে তার কোন উপকার করে নি এবং ভবিষ্যতেও তাদের উপকার পাওয়ার আশা নেই। [তাবারী] বিভিন্ন বর্ণনায় এসেছে, এ আয়াতটি আবু বকর রাদিয়াল্লাহু 'আনহুর শানে নাযিল হয়েছে। [মুসনাদে বায্যার (আল-বাহরুয, যাখখার) ৬/১৬৮, ২২০৯]

আবু বকর সিদ্দীক রাদিয়াল্লাছ আনছ মক্কা মুআযযিমার যে অসহায় গোলাম ও বাঁদীরা ইসলাম গ্রহণ করেছিলেন এবং এই অপরাধে তাদের মালিকরা তাদের ওপর চরম অকথ্য নির্যাতন ও নিপীড়ন চালাচ্ছিল তাদেরকে মালিকদের যুলুম থেকে বাচাঁবার জন্য কিনে নিয়ে আযাদ করে দিচ্ছিলেন। যেসব দাসকে আবুবকর রাদিয়াল্লাছ 'আনছ প্রচুর অর্থ দিয়ে ক্রয় করে মুক্ত করে দেন, তাদের কোন সাবেক অনুগ্রহও তাঁর উপর ছিল না, যার প্রতিদানে এরূপ করা যেত; বরং তার লক্ষ্য মহান আল্লাহ তা'আলার সম্ভুষ্টি অম্বেষণ ব্যতীত কিছুই ছিল না। এ ধরনের মুসলিম সাধারণ দুর্বল ও শক্তিহীন হত। একদিন তার পিতা আবু কোহাফা বললেনঃ তুমি যখন গোলামদেরকে মুক্তই করে দাও, তখন শক্তিশালী ও সাহসী গোলাম দেখেই মুক্ত করো, যাতে ভবিষ্যতে সে শক্রর হাত থেকে তোমাকে রক্ষা করতে পারে। আবু বকর রাদিয়াল্লাছ আনছ বললেনঃ কোন মুক্ত-করা মুসলিম থেকে উপকার লাভ করা আমার লক্ষ্য নয়। আমি তো কেবল আল্লাহর সম্ভুষ্টি লাভের জন্যেই তাদেরকে মুক্ত করি। মুস্তাদরাকে হাকিম: ২/৫৭২ নং ৩৯৪২]



তাফসীরে জাকারিয়া

- ১৯। এবং তার প্রতি কারো কোন অনুগ্রহের প্রতিদানে নয়। [1]
 - [1] অর্থাৎ, কারো উপকারের বদলা পরিশোধ করার জন্য দান করে না।

তাফসীরে আহসানুল বায়ান

• Source — https://www.hadithbd.com/quran/link/?id=6077

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন